



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চুয়াডাঙ্গা
(রাজস্ব শাখা)
www.chuadanga.gov.bd

অতীব জরুরী

তাগিদ পত্র নং-০৯



২৩ ভাদ্র, ১৪৩০

তারিখ- ০৫ সেপ্টেম্বর, ২০২৩

স্মারক নং-০৫.৪৪.১৮০০.২০২.১৪.০৪৫.২৩- ২২৪৭ (১০)

- বিষয় : আশ্রয়ণ-২ প্রকল্পের সফটওয়্যার (www.service.ashrayanpmo.gov.bd) উপকারভোগী পরিবারের তথ্য যথাযথভাবে আপলোড করে তা সঠিক আছে মর্মে উল্লেখপূর্বক আপলোডকৃত তথ্যের কপি প্রেরণ।
- সূত্র : (১) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, তেজগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং-০৩.০২.০০০০.৭০১.৯৯.৪৪৪.২১-৬৯, তারিখ-২০/০৮/২০২৩ ও
(২) এ অফিসের স্মারক নং-০৫.৪৪.১৮০০.২০২.১৪.০৪৫.২৩-১১৮৪(১০), তারিখ-২৪/০৮/২০২৩।

উপর্যুক্ত ০১ নং স্মারকে প্রাপ্ত পত্র সূত্রোক্ত ০২ নং স্মারকে তঁর বরাবর প্রেরণপূর্বক আশ্রয়ণ-২ প্রকল্পের সফটওয়্যারে (www.service.ashrayanpmo.gov.bd) আপলোডকৃত উপকারভোগীর তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু চাহিত তথ্য অদ্যাবধি এ অফিসে পাওয়া যায়নি। তবে www.service.ashrayanpmo.gov.bd হতে দেখা যায় যে, তঁর অফিস থেকে আপলোডকৃত তথ্য যাচাইকালে নিম্নলিখিত ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয় :

: ত্রুটি-বিচ্যুতিসমূহ :

- (ক) মুজিববর্ষ উপলক্ষে তঁর উপজেলায় এ পর্যন্ত অর্থাৎ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ যে সকল ভূমিহীন-গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে, সে সংক্রান্তে এ অফিসের রাজস্ব শাখায় রক্ষিত রেজি-খ।। ও সংশ্লিষ্ট মাসে অনুষ্ঠিত জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভায় অনুমোদিত নামের তালিকার সাথে অনেক ক্ষেত্রেই মিল পাওয়া যাচ্ছে না,
- (খ) এ অফিসের রাজস্ব শাখায় রক্ষিত রেজি-খ।। এবং সংশ্লিষ্ট মাসে অনুষ্ঠিত জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভায় অনুমোদিত নামের তালিকায় স্বামী-স্ত্রী যৌথ নামে প্রস্তাব অনুমোদিত হলেও কোন কোন শুমাত্র স্বামীর নাম বা স্ত্রীর নাম আপলোড করা হয়েছে,
- (গ) অনেক ক্ষেত্রে পুনর্বাসিতদের গ্রামের নাম সঠিকভাবে আপলোড করা হয়নি,
- (ঘ) কিছু কিছু ক্ষেত্রে বানান ভুল পরিলক্ষিত হয়েছে
- (ঙ) অনেক ক্ষেত্রে কারো স্বামীর নামের স্থলে পিতা বা পিতার নামের স্থলে স্বামী উল্লেখ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ত্রুটি-বিচ্যুতিসহ আরো কোন ত্রুটি-বিচ্যুতি থাকলে তা সঠিকভাবে আপলোড করাসহ আপলোডকৃত তালিকা সঠিক আছে মর্মে উল্লেখপূর্বক আপলোডকৃত তালিকার কপি আগামী ১০/০৯/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ অফিসে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর/আলমডাঙ্গা/দামুড়হুদা/জীবননগর, চুয়াডাঙ্গা

(শেখ মোঃ রাসেল)

রেভিনিউ ডেপুটি কালেক্টর

চুয়াডাঙ্গা

ফোন নং-০২-৪৭৭৭৮৭৮০১

rdcchuadanga15@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১-০৪। সহকারী কমিশনার (ভূমি), চুয়াডাঙ্গা সদর/আলমডাঙ্গা/দামুড়হুদা/জীবননগর, চুয়াডাঙ্গা। অনুলিপি অবগতি ও কার্যার্থে

০৫। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের গোপনীয় সহকারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), চুয়াডাঙ্গা মহোদয়ের গোপনীয় সহকারী। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে